রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৯, ২০২২

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**(প্রশাসন শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০১ নভেম্বর ২০২২ খ্রিঃ

নং **১-এ-০২/৯৩(অংশ-১)/৯২০৭-এ।**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সিনিয়র সুপারিনটেনডেন্ট জনাব নাসরিন সুলতানা-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২৯,০০০-/—৬৩,৪১০/- টাকার স্কেলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার পদে পদোন্নতিমূলে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তাবলি :**

উক্ত পদোন্নতিমূলে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬(১)(খ) ও (২)(খ) এবং ৬(৩)(খ)(২) বিধানাবলি প্রযোজ্য হবে।

এ পদোন্নতির আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

আদেশক্রমে

**মোঃ গোলাম রব্বানী**
রেজিস্ট্রার জেনারেল।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৬ অক্টোবর ২০২২ খ্রিঃ

নং **১-ই-৭২/১৯৭৮/৮৬৩৯(৪)-এ।**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের হিসাবরক্ষক জনাব মোঃ মশিউর রহমান-কে পদোন্নতিমূলে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬,০০০-/—৩৮,৬৪০/- টাকার স্কেলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তা পদে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তাবলি**

উক্ত পদোন্নতিমূলে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬(১)(খ) ও ৬ (২)(খ) বিধানাবলি প্রযোজ্য হবে।

০২। এ পদোন্নতির আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারি করা হলো।

প্রধান বিচারপতির আদেশক্রমে

**মুন্সী মোঃ মশিয়ার রহমান**
রেজিস্ট্রার।

---

**প্রধান প্রকৌশলীর কার্যালয়**
**গণপূর্ত অধিদপ্তর**
**সংস্থাপন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৯/০৩ নভেম্বর ২০২২

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.১৪-১১৪১**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার আবেদনের প্রেক্ষিতে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো:

জনাব মাহমুদ-আল-আজাদ, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), উল্লাপাড়া গণপূর্ত উপ-বিভাগ, সিরাজগঞ্জ—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), নরসিংদী গণপূর্ত উপ-বিভাগ-২, নরসিংদী।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ শামীম আখতার**
প্রধান প্রকৌশলী।

**সংস্থাপন শাখা-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ কার্তিক ১৪২৯/০৩ নভেম্বর ২০২২

নং **২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০১.১৩/১৩৩**—নিম্নোক্ত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)কে আবেদনের প্রেক্ষিতে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো :

জনাব মোছাঃ নার্গিস পারভীন, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত প্রকল্প বিভাগ-১, ঢাকা—মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর শূন্য পদে।

বদলিকৃত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)কে ০৯-১১-২০২২ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে দায়িত্বভার হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় ১০-১১-২০২২ তারিখে তিনি 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত হয়েছেন' মর্মে গণ্য হবেন।

তারিখ : ১৭ কার্তিক ১৪২৯/০২ নভেম্বর ২০২২

নং **২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০১.১৩/১৩১**—অত্র অধিদপ্তরের ২৬-১০-২০২২ তারিখের ২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০১.১৩/১২৫ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে বদলিকৃত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জনাব মোঃ আজমল হোসেন এবং জনাব মোঃ নূরুল কবির এর দায়িত্ব হস্তান্তরের সময় অনিবার্য কারণবশতঃ আগামী ০২-০১-২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উক্ত তারিখের মধ্যে দায়িত্বভার হস্তান্তর না করলে তারা ০৩-০১-২০২৩ তারিখ হতে 'তাৎক্ষণিকভাবে অব্যাহতিপ্রাপ্ত' বলে গণ্য হবেন।

**মোহাম্মদ শামীম আখতার**
প্রধান প্রকৌশলী।

---

**সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়**
**কুমিল্লা।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ নভেম্বর ২০২২ খ্রিঃ

নং **১৭.১০.১৯০০.০০০.৪১.০১১.২১-১০৯৫**।—নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২২-৭৪৫, তারিখঃ ০৭ নভেম্বর ২০২২ খ্রিঃ। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে আমি মোহাম্মদ মুঞ্জুরুল আলম, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে কুমিল্লা জেলার বরুড়া উপজেলার ০২টি ইউনিয়ন, লাকসাম উপজেলার ০৩টি, লালমাই উপজেলার ০২টি, লাঙ্গালকোট উপজেলার ০৮টি ও দাউদকান্দি উপজেলার ০২টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য, সাধারণ আসনের সদস্য পদে সাধারণ নির্বাচন এবং মনোহরগঞ্জ উপজেলার ঝলম উত্তর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপনির্বাচন পরিচালনার জন্য নিম্নবর্ণিত ছকের ৬নং কলামে বর্ণিত কর্মকর্তাগণকে ৫নং কলামে বর্ণিত ইউনিয়নসমূহের জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম :

| ক্রঃ নং | বিভাগ | জেলা | উপজেলার নাম | ইউনিয়নের নাম/ওয়ার্ড নম্বর | রিটার্নিং অফিসারের নাম ও পদবি |
|---|---|---|---|---|---|
| ০১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | চট্টগ্রাম | কুমিল্লা | বরুড়া | ১। ভাউকসার<br>২। শাকপুর | উপজেলা নির্বাচন অফিসার<br>বুড়িচং, কুমিল্লা। |
| ০২ | | | লাকসাম | ১। বাকই দক্ষিণ<br>২। মুদাফ্ফরগঞ্জ (উত্তর)<br>৩। মুদাফ্ফরগঞ্জ (দক্ষিণ) | উপজেলা নির্বাচন অফিসার<br>লাকসাম, কুমিল্লা। |
| ০৩ | | | লালমাই | ১। পেরুল উত্তর<br>২। বাকই উত্তর | উপজেলা নির্বাচন অফিসার<br>লালমাই, কুমিল্লা। |
| ০৪ | | | নাঙ্গালকোট | ১। রায়কোট (উত্তর)<br>২। রায়কোট (দক্ষিণ)<br>৩। বটতলী | উপজেলা নির্বাচন অফিসার<br>নাঙ্গালকোট, কুমিল্লা। |
| ০৫ | | | | ১। আদ্রা (উত্তর)<br>২। আদ্রা (দক্ষিণ)<br>৩। দৌলখাঁড় | উপজেলা নির্বাচন অফিসার<br>চৌদ্দগ্রাম, কুমিল্লা। |
| ০৬ | | | | ১। জোড্ডা (পশ্চিম)<br>২। জোড্ডা (পূর্ব) | উপজেলা নির্বাচন অফিসার<br>দেবিদ্বার, কুমিল্লা। |
| ০৭ | | | দাউদকান্দি | ১। ইলিয়টগঞ্জ (দক্ষিণ)<br>২। দৌলতপুর | উপজেলা নির্বাচন অফিসার<br>দাউদকান্দি, কুমিল্লা। |
| ০৮ | | | মনোহরগঞ্জ | ১। ঝলম উত্তর<br>(৬নং সাধারণ ওয়ার্ড) | উপজেলা নির্বাচন অফিসার<br>মনোহরগঞ্জ, কুমিল্লা। |

নং **১৭.১০.১৯০০.০০০.৪১.০১১.২১-১০৯৬**।—নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২২-৭৪৫, তারিখ: ০৭ নভেম্বর ২০২২ খ্রিঃ। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী এতদসংগে সংযোজিত কুমিল্লা জেলার বরুড়া উপজেলার ০২টি ইউনিয়ন, লাকসাম উপজেলার ০৩টি, লালমাই উপজেলার ০২টি, লাঙ্গালকোট উপজেলার ০৮টি ও দাউদকান্দি উপজেলার ০২টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য, সাধারণ আসনের সদস্য পদে সাধারণ নির্বাচন এবং মনোহরগঞ্জ উপজেলার ঝলম উত্তর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপনির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছি :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০১ ডিসেম্বর ২০২২ (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৩ ডিসেম্বর ২০২২ (শনিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১০ ডিসেম্বর ২০২২ (শনিবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | ২৯ ডিসেম্বর ২০২২ (বৃহস্পতিবার) |

ভোটগ্রহণের সময়সীমা : ইভিএম এম মাধ্যমে সকাল ৮.৩০ টা হতে বিকাল ৪.৩০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

**মোহাম্মদ মুঞ্জুরুল আলম**
সিনিয়র জেলা নির্বাচন অফিসার।

**২৯ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল**

| ক্রঃ নং | বিভাগ | জেলা | উপজেলার নাম | ইউনিয়নের নাম/ওয়ার্ড নম্বর |
|---|---|---|---|---|
| ০১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | চট্টগ্রাম | কুমিল্লা | বরুড়া | ১। ভাউকসার<br>২। শাকপুর |
| ০২ | | | লাকসাম | ১। বাকই দক্ষিণ<br>২। মুদাফ্ফরগঞ্জ (উত্তর)<br>৩। মুদাফ্ফরগঞ্জ (দক্ষিণ) |
| ০৩ | | | লালমাই | ১। পেরুল উত্তর<br>২। বাকই উত্তর |
| ০৪ | | | নাঙ্গালকোট | ১। রায়কোট (উত্তর)<br>২। রায়কোট (দক্ষিণ)<br>৩। বটতলী |
| ০৫ | | | | ১। আদ্রা (উত্তর)<br>২। আদ্রা (দক্ষিণ)<br>৩। দৌলখাঁড় |
| ০৬ | | | | ১। জোড্ডা (পশ্চিম)<br>২। জোড্ডা (পূর্ব) |
| ০৭ | | | দাউদকান্দি | ১। ইলিয়টগঞ্জ (দক্ষিণ)<br>২। দৌলতপুর |
| ০৮ | | | মনোহরগঞ্জ | ১। ঝলম উত্তর (৬নং সাধারণ ওয়ার্ড) |

---

**সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়**
**কুষ্টিয়া।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/০৮ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **১৭.০৫.৫০০০.০০০.৪১.০০১.২২-৭৩৬**।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুসারে এবং নির্বাচন কমিশন সচিবালয়ের ০৭ নভেম্বর ২০২২ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২২-৭৪৫ নং পত্রের নির্দেশনা অনুযায়ী আমি মোঃ ফজলুল করিম, জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া এতদ্বারা নিম্নোক্ত তফসিলে বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর শূন্য পদে উপ-নির্বাচন পরিচালনার নিমিত্তে ৬নং কলামে বর্ণিত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হলো :

| ক্রঃ নং | জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | পদের নাম | রিটার্নিং অফিসার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কুষ্টিয়া | খোকসা | বেতবাড়ীয়া | চেয়ারম্যান | উপজেলা নির্বাচন অফিসার, খোকসা, কুষ্টিয়া |

**২**। রিটার্নিং অফিসার, নির্বাচন কমিশন সচিবালয়ের ০৭ নভেম্বর ২০২২ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২২-৭৪৫ নং পত্রের নির্দেশনা অনুযায়ী এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এবং ইতোপূর্বে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন সংক্রান্ত জারীকৃত পরিপত্র/নির্দেশনা অনুসরণপূর্বক উল্লিখিত ইউনিয়ন পরিষদের বর্ণিত পদের উপ-নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

**মোঃ ফজলুল করিম**
জেলা নির্বাচন অফিসার।

**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়, (বিআরটিএ) ভবন**
**আইন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ নভেম্বর ২০২২ খ্রিঃ

নং **বিআরটিএ/৩৮এ/২০০৮-৬৭৮**—সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ২৭ ধারার প্রদত্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে বরিশাল মেট্রোপলিটন যাত্রী ও পণ্য পরিবহন কমিটি পুনর্গঠন করা হলো :

**চেয়ারম্যান**

০১ পুলিশ কমিশনার, বরিশাল।

**সদস্যবৃন্দ**

০২ বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ এর প্রতিনিধি।

০৩ ডিসি (ট্রাফিক), বরিশাল মেট্রোপলিটন।

০৪ বরিশাল সিটি করর্পোরেশন এর ট্রাফিক ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন প্রতিনিধি।

০৫ সহকারী পরিচালক, বিআরটিএ, বরিশাল সদর সার্কেল।

০৬ জনাব গোলাম মাশরেক বাবলু, পিতা : মৃত গোলাম মালেক মিয়া, সভাপতি, বরিশাল জেলা বাস মালিক গ্রুপ, নথুল্লাবাদ, বরিশাল (যাত্রীবাহী সড়ক পরিবহন মালিক সমিতির প্রতিনিধি)।

০৭ জনাব মোঃ আনোয়ার হোসেন সিকদার, পিতা : কাঞ্চন আলী সিকদার, সভাপতি, বরিশাল জেলা ট্রাক মালিক সমিতির (মালবাহী সড়ক পরিবহন মালিক সমিতি প্রতিনিধি)।

০৮ জনাব মোঃ ফরিদ হোসেন, পিতা : মোঃ আলী হোসেন সরদার, সাধারণ সম্পাদক, বরিশাল জেলা বাস, মিনিবাস, কোচ, মাইক্রোবাস শ্রমিক ইউনিয়ন, নথুল্লাবাদ, বরিশাল (যাত্রীবাহী সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন এর প্রতিনিধি)।

০৯ জনাব মোঃ নিরব হোসেন টুটুল, পিতা : মোঃ হারুন অর রশিদ, সভাপতি, বরিশাল বিভাগীয় ট্রাক শ্রমিক ইউনিয়ন, বান্দরোড, বরিশাল (মালবাহী সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন এর প্রতিনিধি)।

১০ জনাব গাজী নঈমুল হোসেন লিটু, পিতা : মোঃ হোসেন আলী, ঠিকানা : ভাষা সৈনিক অধ্যক্ষ হোসেন অলী সড়ক, নতুন বাজার, বরিশাল সদর, বরিশাল (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)।

১১ জনাব কে, এম গোলাম সরোয়ার রাজীব, পিতা : মৃত এ্যাডভোকেট কে, এম, সাইদুর রহমান, ঠিকানা : লতিফা মঞ্জিল, কাউনিয়া ব্রাঞ্চ রোড (পশ্চিম), বরিশাল সদর, বরিশাল (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)।

**সদস্য-সচিব**

১২ পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, বরিশাল বিভাগ।

২। এ কমিটি সড়ক পরিবহন আইন, ২০১৮-তে বর্ণিত এবং সময়ে সময়ে সরকারি প্রজ্ঞাপন দ্বারা অর্পিত দায়িত্ব পালন ও বিধিবদ্ধ ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। এ কমিটি বেসরকারি সদস্যদের কার্যকাল দায়িত্বভার গ্রহণের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত বহাল থাকবে।

৪। গঠিত কমিটিকে প্রতি ৩ (তিন) মাসে কমপক্ষে একবার সভা করে তার কার্যবিবরণী চেয়ারম্যান, বিআরটিএ বরাবর প্রেরণ করতে হবে।

**নুর মোহাম্মদ মজুমদার**
চেয়ারম্যান।

---

**জাতীয় সঞ্চয় অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ : ২১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/০৬ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **০৮.০৪.০০০০.০০৬.৬৫.৪৭১.১৭-২৬৮৭**—জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, উত্তরা, ঢাকা-এর সঞ্চয় অফিসার জনাব নাহিদ সুলতানা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) এবং ৪৭ অনুযায়ী ৩১-১২-২০২২ খ্রিঃ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো এবং তাঁর অনুকূলে ০১-০১-২০২৩ থেকে ৩১-১২-২০২৩ খ্রিঃ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

০২। তিনি বিধি অনুযায়ী ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

**মোছাঃ মাকছুদা খাতুন**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।**
**(এল. এ শাখা)**
**এলএ কেস নং-০২/২০১৭-১৮**
**ফরম "ঘ"**
**ঘোষণাপত্র**
**[১৩(২) ধারা মোতাবেক]**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১১ ধারা অনুসারে তার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হচ্ছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩(২) এর উপ-ধারা (১) অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হয়ে সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-বাগেরহাট, উপজেলা-চিতলমারী, মৌজা-বোয়ালিয়া, জেএল নং-৭৬।

| খতিয়ান (এস, এ) | দাগ নং | মোট জমি | প্রস্তাবিক জমি (একরে) | জমির শ্রেণি |
|---|---|---|---|---|
| ১১৮, ১১৯ | ২৮ | ২.৯৮০০ | ০.১৪০০ | বিলান |
| ১২১ | ৩১ | ১.৮৮০০ | ০.২৬০০ | বিলান |
| অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ | | | ০.৪০০০ একর | - |

মোট জমির পরিমাণ ০.৪০০০ একর।

**মোঃ শাহীনুজ্জামান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।**
**(ভূমি, অধিগ্রহণ শাখা)**
**অধিগ্রহণ কেস নং-০১/২০২০-২০২১**
**ফরম "ঘ"**
**ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারা (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা-শালগাড়ীয়া, জে.এল. নং-৮০, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা।

| আর.এস খতিয়ান | আর.এস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৩৯ | ২০ | ১.০০২৫ | ১.০০২৫ |
| | | মোট | ১.০০২৫ একর |

অধিগ্রহণকৃত জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, পাবনার ভূমি অধিগ্রহণ শাখায় সংরক্ষিত আছে।

**মোঃ শিমুল আকতার**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**বিজ্ঞপ্তি**
তারিখ : ১৭ অক্টোবর ২০২২

**বিষয় : এলএ চেক বাতিলকরণ।**

**নং ৩১.৪৫.৩৯০০.০২০.০৯.০০৭.২১-৬৮৯(১)**—উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামালপুর জেলায় "জামালপুর-কালিবাড়ি-সরিষাবাড়ি সড়ক প্রশস্তকরণ ও মজবুতীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় এলএ কেস নং ২২/২০১৭-২০১৮ মূলে ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর হতে প্রদানকৃত এলএ চেকটির স্বচ্ছতা নিশ্চিতপূর্বক নতুন এলএ চেক প্রদানের লক্ষ্যে আমি নিম্নস্বাক্ষরকারী শ্রাবন্তী রায়, জেলা প্রশাসক, জামালপুর নিম্নবর্ণিত এলএ চেকটি বাতিল ও অকার্যকর ঘোষণা করছি।

| ক্র. নং | এলএ চেক নং | তারিখ | টাকার পরিমাণ | চেকের প্রাপকের নাম ও ঠিকানা | মৌজা |
|---|---|---|---|---|---|
| ১ | ০৪৭৬৯৩ | ২২-০৩-২০২২ | ৯,১৬,৮১৭.৬২ | মোঃ জিল্লুর রহমান পিতা-মৃত. বেলায়েত হোসেন সাং- পশ্চিম কলতাপাড়া, জামালপুর সদর, জামালপুর। | হাসিল পাড়িল |

এমতাবস্থায়, বাতিলকৃত চেক দ্বারা কোনো প্রকার সরকারি অর্থ লেনদেন সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে এবং বাতিলকৃত চেক ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**শ্রাবন্তী রায়**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।**
**(রাজস্ব শাখা)**
**বিজ্ঞপ্তি**
তারিখ : ২৪ অক্টোবর ২০২২ খ্রি.

**নং ৩১.১২.৪৮০০.০০৭.০৮.০০৮.১২-২৬২৬**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ সদর উপজেলাধীন বিন্নগাঁও মৌজার ৪৫১১ নং হিসাবটি বিজ্ঞ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের ১৬৮৪৬/২০১৫ নং মোকদ্দমার ডিক্রি ও রায়ের আলোকে সহকারী কমিশনার (ভূমি), কিশোরগঞ্জ সদর এর ১৬৮(১৩)২০১৯-২০ নং বিবিধ মোকদ্দমার আলোকে হেদ ইসলাম, পিতা- মৃত মোহাম্মদ নাদু, সাং-কাতিয়ারচর, কিশোরগঞ্জ নামে খোলা হয়। পরবর্তীতে ছানী মোকদ্দমাজনিত কারণে বর্ণিত মোকদ্দমার ডিক্রি ও রায়টি বিজ্ঞ আদালত কর্তৃক স্থগিত করায় উক্ত হিসাবও স্থগিত করা হয়। কিন্তু ভুলক্রমে অনলাইনে এ হিসাবটি স্থগিত করা হয়নি বিধায় হেদ ইসলাম কর্তৃক অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ করেছেন। বর্তমানে উক্ত হিসাবটি অনলাইনে স্থগিত করা হয়েছে। বিজ্ঞ ল্যান্ড সার্ভে ট্রাইবুনালের ১৬৮৪৬/২০১৫ নং মোকদ্দমার ডিক্রি ও রায়টি ছানী মোকদ্দমাজনিত কারণে বিজ্ঞ আদালত কর্তৃক স্থগিত করায় কিশোরগঞ্জ সদর উপজেলা ভূমি অফিসের অনুকূলে ২৮-০৯-২০২২ খ্রি. তারিখের অনলাইনে ৪৮৪৯২২০০১৭৫২ নং ক্রমিকের খাজনা আদায়ের দাখিলাটি নিম্নোক্তভাবে বাতিল করা হলো। বাতিলকৃত দাখিলা দ্বারা কোনো প্রকার সরকারি অর্থ আদায় করা হলে বা হয়ে থাকলে তা অবৈধ ও বেআইনী বলে গণ্য হবে এবং ব্যবহারকারী আইনত দণ্ডনীয় হবেন।

| জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে.এল নং | হোল্ডিং নং | দাখিলা নাম্বার ও তারিখ | মালিকের নাম | বাতিলকৃত দাখিলা নাম্বার |
|---|---|---|---|---|---|---|---|
| কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ সদর | বিন্নগাঁও | ৩৩ | ৪৫১১ | ৪৮৪৯২২০০১৭৫২ তাং- ২৮-০৯-২০২২ | হেদ ইসলাম | অনলাইন ৪৮৪৯২২০০১৭৫২ |

**মোহাম্মদ শামীম আলম**
জেলা প্রশাসক।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**পবা, রাজশাহী।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/০৮ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৩.৮১৭২.০০০.১৪.০২৫.২২-৬৭২**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫(২) মতে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি লসমী চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী, এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, রাজশাহী জেলার পবা উপজেলাধীন ৯ নং পারিলা ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের সদস্য মরহুম নয়ন কবির গত ১৩-০৯-২০২২ খ্রি. তারিখে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ................ রাজেউন)।

এমতাবস্থায়, ইন্তেকালের তারিখ অর্থাৎ ১৩-০৯-২০২২ খ্রি. তারিখ হতে একই আইনের ধারা ৩৫(২) মতে ৯ নং পারিলা ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**লসমী চাকমা**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।**
**(ভূমি, অধিগ্রহণ শাখা)**
**এল এ কেস নং-০৪/২০২০-২০২১**
**ঘোষণা**
**[ ধারা ১৩ এর (২) নং উপ-ধারা দ্রষ্টব্য ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায় দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-রাজশাহী, উপজেলা-পবা, মৌজা-খিরসন, জেএল নং ৬৩।

| আর এস খতিয়ান নং | আর এস দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | রেকর্ডীয় শ্রেণি |
|---|---|---|---|
| ২৫০ | ১১৯৪ আংশিক | ০.৫৫০০ | ভিটা |
| ১০৬ | ১১৯৫ আংশিক | ০.১৯০০ | ধানী |
| ২৫৫ | ১১৯৮ আংশিক | ০.০৩০০ | ধানী |
| ৪৮২ | ১১৮৮ আংশিক | ০.২৭০০ | ধানী |
| ১২২ | ১১৮৯ পূর্ণ | ০.৩৫০০ | ভিটা |
| ২৫৭ | ১১৯০ পূর্ণ | ০.৩৫০০ | ভিটা |
| ২৫৫ | ১১৯৩ পূর্ণ | ০.৬৯০০ | ভিটা |
| ৪২৪ | ১২০১ আংশিক | ০.১২০০ | ধানী |
| ৬২ | ১২০২ আংশিক | ০.৮১৫০ | ধানী |
| ৫০৬ | ১০০১ আংশিক | ০.০৭০০ | ধানী |
| ৪৩৪ | ১০০৩ আংশিক | ০.০০১০ | ধানী |
| ৫৩৪ | ৯৯৯ আংশিক | ০.০৩০০ | ধানী |
| ২৫৫ | ১২০৩ পূর্ণ | ০.১১০০ | ধানী |
| ২৫৫ | ১২০৪ পূর্ণ | ০.৪৩০০ | ধানী |
| ৫০৬ | ১২০৬ পূর্ণ | ০.৪৭০০ | ধানী |
| ৪০২ | ১২০৭ পূর্ণ | ০.০৭০০ | ধানী |
| ৪০২ | ১২০৫ আংশিক | ০.৪৪৫০ | ধানী |
| ৪৩৯ | ১২০৮ আংশিক | ০.০৫০০ | ধানী |
| ৪২৪ | ১১৯১ পূর্ণ | ০.৭৬০০ | ধানী |
| ৩৪ | ১১৯২ পূর্ণ | ০.২৫০০ | ভিটা |
| ৫১ | ১২১৬ পূর্ণ | ০.৭৭০০ | ভিটা |
| ৫৬৪ | ১২১৭ পূর্ণ | ০.৩৩০০ | ভিটা |
| ৫৬৪ | ১২১৮ পূর্ণ | ০.৪৫০০ | ধানী |
| ৩৬৪ | ১২১৯ পূর্ণ | ১.১৭৮১০৭ | ভিটা |
| ১ | ১২২০ পূর্ণ | ০.১০০০ | ধানী |
| ৪৩৯ | ১২১৫ আংশিক | ০.৩৬৫৮৯৩ | ভিটা |
| ৯২ | ১২২১ আংশিক | ১.২৩০০ | ধানী |
| ৫৩৪ | ১৯০৩ পূর্ণ | ০.২৩০০ | ধানী |
| ৫৮১ | ১৯০৪ পূর্ণ | ০.২৩০০ | ধানী |
| ২৮০ | ১২৩৩ পূর্ণ | ১.০৯০০ | ধানী |
| ৪৩৯ | ১২৩৪ পূর্ণ | ০.২৯০০ | ধানী |
| ৪৩৯ | ১২৩৫ পূর্ণ | ০.৩০০০ | ভিটা |
| ৪৩৯ | ১২৩৬ পূর্ণ | ০.৩৯০০ | ধানী |
| ১২ | ১২৩৭ পূর্ণ | ০.১৭০০ | ধানী |
| ৩৩৮ | ১২৩৮ আংশিক | ০.৪৬০০ | ধানী |
| ৩৮৩ | ১২৩৯ আংশিক | ০.৭৬০০ | ধানী |
| ৪৩৯ | ১২৫৫ আংশিক | ০.৩৮০০ | ধানী |
| ১৬৯ | ১২৫৬ আংশিক | ০.২৩০০ | ধানী |
| ২৮০ | ১২৫৯ আংশিক | ০.৩২০০ | ভিটা |
| ১ | ১২৬০ আংশিক | ০.৩৮০০ | ধানী |
| ১৩৩ | ১২৬১ আংশিক | ০.১৩০০ | ধানী |
| ৫৯৩ | ১২৬৪ আংশিক | ০.০৫০০ | ধানী |
| ৫৯৩ | ১২৬৫ আংশিক | ০.০২০০ | ধানী |
| ৯২ | ১২২৫ আংশিক | ০.২৪০০ | ভিটা |
| ৫৯৩ | ১২৩১ আংশিক | ০.১৪০০ | ধানী |
| ৫৬৪ | ১২৩২ আংশিক | ০.৬৪০০ | ধানী |
| ৪০২ | ১২৭০ আংশিক | ০.০৭৫০ | ধানী |
| | মোট জমি= | ১৭.০০ একর | |

ভূমি অধিগ্রহণের নকশা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ভূমি অধিগ্রহণ শাখায় সংরক্ষিত আছে।

**মুহাম্মদ শরিফুল হক**
(উপসচিব)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**সিংড়া, নাটোর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৬ কার্তিক, ১৪২৯/০১ নভেম্বর, ২০২২

**নং ০৫.৪৩.৬৯৯১.০০৫.১৭.০০৫.২২-৯৩৭**—নাটোর জেলার সিংড়া উপজেলার ০১নং সুকাশ ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ ফরিদুল ইসলাম গত ১৯-১০-২০২২ খ্রিঃ তারিখ সকালে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) উপধারা (১) মোতাবেক পদটি উক্ত আইনের ৩৫(২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি এম. এম. সামিরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর, উক্ত ০১নং সুকাশ ইউনিয়নের ০১নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি ১৯-১০-২০২২ খ্রিঃ তারিখ শূন্য ঘোষণা করলাম।

**এম. এম. সামিরুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মিঠাপুকুর, রংপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৩১ অক্টোবর ২০২২ খ্রিঃ

**নং ০৫.৪৭.৮৫৫৮.০০১.০৭.০২৬.২২-১১৫৫/১(৭)**—যেহেতু মিঠাপুকুর উপজেলাধীন ০৫নং বালারহাট ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ মজনু মিয়া, পিতা : মৃত বিশারত উল্লাহ, গ্রাম : উত্তর ইমাদপুর বালারহাট, ডাকঘর : বালারহাট, উপজেলা : মিঠাপুকুর, জেলা : রংপুর গত ০৬-১০-২০২২ খ্রিঃ তারিখ ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি .......... রাজিউন)।

সেহেতু আমি ফাতেমাতুজ জোহরা, উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার (২) উপধারার ক্ষমতাবলে মিঠাপুকুর উপজেলাধীন ০৫নং বালারহাট ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সদস্য পদটি ০৬-১০-২০২২ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**ফাতেমাতুজ জোহরা**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রায়গঞ্জ, সিরাজগঞ্জ।**

**ঘোষণা**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৯/০৩ নভেম্বর ২০২২

**নং ০৫.৪৩.৮৮৬১.০০০.০১.০১৩.২১-৮৯২**—সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার ০৪ নং ঘুড়কা ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের নির্বাচিত ইউপি সদস্য জনাব মোঃ জয়নাল আবেদীন, পিতা-মৃত দেলোয়ার হোসেন, গ্রাম-হারনী, ডাকঘর-সোনাখাড়া, উপজেলা-রায়গঞ্জ, জেলা- সিরাজগঞ্জ গত ১০-০৯-২০২২ খ্রিঃ তারিখ, রোজ শনিবার সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা-৩২ উপধারা (৩) এবং ৩৫ ধারা এর উপধারা ১(ঙ) ও ২ মোতাবেক আমি তৃপ্তি কণা মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ অত্র উপজেলার ০৪ নং ঘুড়কা ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি ১০-০৯-২০২২ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**তৃপ্তি কণা মন্ডল**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/০৬ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪২.৫১৪৩.০৫৫.০৬.০০২.২০২২-১৫৫৮**—লক্ষ্মীপুর সদর উপজেলাধীন ০১নং উত্তর হামছাদী ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ড নির্বাচিত সদস্য জনাব মোঃ ওমর ফারুক, পিতা : আরব আলী, গ্রাম : ছবিলপুর, পোঃ শ্যামগঞ্জ, উপজেলা : লক্ষ্মীপুর সদর, জেলা : লক্ষ্মীপুর বিগত ০৫-১১-২০২২ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। তৎপ্রেক্ষিতে "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক আমি নিম্নস্বাক্ষরকালী ০১নং উত্তর হামছাদী ইউনিয়ন পরিষদের নির্বাচিত ০১ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি গত ০৫-১১-২০২২ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মো. ইমরান হোসেন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

বিষয় : **এল এ মামলা নম্বর : ৩০/২০১৮-২০১৯ এর তফসিলের ভূমির অধিগ্রহণ কার্যক্রম বাতিল গেজেট প্রকাশ করন।**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের লক্ষ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রাক্কলনের চাহিদা প্রাপ্তির তারিখ হইতে ১২০ (একশত বিশ)/১৫০ (একশত পঞ্চাশ) কার্যদিবসের মধ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক ক্ষতিপূরণ অর্থ প্রদান বা জমা করা হয় নাই এবং যাহার জন্য ঐ সম্পত্তির মালিক বা স্বার্থবান ব্যক্তিগণ দায়ী নন।

সেহেতু, এই সঙ্গে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১৪(১) ধারা অনুসারে আমি ঘোষণা করিতেছি যে, ০১-১১-২০২২ তারিখ হতে নিম্ন বর্ণিত সম্পত্তি সর্ম্পর্কে এল. এ মামলা নম্বর : ৩০/২০১৮-২০১৯ এর গৃহীত সকল অধিগ্রহণ কার্যক্রম বাতিল করা হইল।

**তফসিল**

জেলা : চট্টগ্রাম, উপজেলা/থানা : ফটিকছড়ি, মৌজা : উত্তর ধুরুং, জে, এল নং : ৫১।

| বি.এস খতিয়ান নম্বর | বি.এস দাগ নম্বর | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের সম্পৃক্ত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ২৩৩৫ | ৫৪৬০ | ০.০২০০ | ০.০২০০ |
| ১১৬৬ | ৫৪৬১ | ০.০২০০ | ০.০২০০ |
| ৩৩৫৩ | ৫৪৬২ | ০.০২০০ | ০.০২০০ |
| ২৮৪৮ | ৫৪৬৩ | ০.০২০০ | ০.০২০০ |
| ৮৪৮ | ৫৪৬৫ | ০.০২০০ | ০.০২০০ |
| ৮৪৮ | ৫৪৬৯ | ০.০২০০ | ০.০২০০ |
| | | মোট= | ০.১২০০ একর |

মোট খতিয়ানের সংখ্যা : ৫ (পাঁচ)টি, মোট দাগের সংখ্যা : ৬ (ছয়)টি, অধিগ্রহণে সম্পৃক্ত জমির পরিমাণ : ০.১২০০ একর।

**মোহাম্মদ মমিনুর রহমান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।**
**(রাজস্ব শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৬ অক্টোবর ২০২২

**নং ০৫.৪৬.৩৬০০.০১৮.০১.০২৭.২২-১৪৬৮**—এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার রিচি মৌজাস্থিত ১৩৩৩নং খতিয়ানের ৬৭০ নং দাগে ০.৯৬ একর ভূমি রমেশ চন্দ্র দত্ত চৌধুরী গং পক্ষে রিচি কোর্ট অব ওয়ার্ডস স্টেট এর ম্যানেজার নামে এসএ রেকর্ড বিদ্যমান। তৎপরবর্তীতে মিস কেস নং-২৫/২০০৫ এর আদেশবলে ১৩৩৩ নং খতিয়ানের ৬৭০ নং দাগের ০.৯৬

একর ভূমি হতে ০.৭২ একর ভূমি বাংলাদেশ সরকারের পক্ষে জেলা প্রশাসক নামে রেকর্ড সংশোধন করা হয়। অবশিষ্ট ০.২৪ একর ভূমি নিয়ে সিনিয়র সহকারী জজ আদালতে স্বত্ব ১০৬/৯৭ ও হাল স্বত্ব ৪৪/২০০০ মামলা দায়ের হয় এবং উক্ত মামলায় সরকার পক্ষে রায় হয়। পরবর্তীতে বিবাদীগণ কর্তৃক ১০০/২০০৪ নং স্বত্ব আপিল মামলা দায়ের করা হলে তা না মঞ্জুরক্রমে পূর্বের আদেশ বহাল রাখা হয়। নালিশা ভূমিতে কোর্ট অব ওয়ার্ডস এর স্বার্থ সম্পৃক্ত থাকায় সরকারি স্বার্থ জড়িত। কিন্তু জনাব নাসিমা আক্তার জেনি, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, লুকড়া ইউনিয়ন ভূমি অফিস, হবিগঞ্জ সদর কর্তৃক ৩৭৮৮৪২ নং দাখিলার মাধ্যমে উক্ত ০.২৪ একর ভূমির ভূঃ উঃ কর আদায় করা হয়েছে যা সরকারি স্বার্থ পরিপন্থী বিধায় উক্ত দাখিলাটি বাতিল করার জন্য উপজেলা ভূমি অফিস, হবিগঞ্জ সদর এর ০৫-০৯-২০২২ তারিখের ৩১.৪৬.৩৬৪৪.০০০.২৭.০০৩.২২-৭১১ নম্বর স্মারকের পত্রে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর এর ০৫-০৯-২০২২ তারিখের ৩১.৪৬.৩৬৪৪.০০০.২৭.০৩৩.২২-৭১১ নম্বর স্মারকের প্রতিবেদনের আলোকে বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও ঢাকা এর আওতাধীন আঞ্চলিক অফিস, সিলেট হতে সরবরাহকৃত (বাংলাদেশ ফরম নং-১০৭৭) ভূমি উন্নয়ন কর আদায়ের রসিদ নম্বর U-378801 হতে U-378900 পর্যন্ত ২০০ (দুইশত) পাতাযুক্ত (অনুলিপি পাতাসহ) ০১ (এক)টি বহির U-378842 নম্বর মূল পাতা এবং অনুলিপি পাতা এতদ্বারা বাতিল ঘোষণা করা হল :

| ক্রম | বইয়ের নাম | বই এর সিরিজ নম্বর | বাতিলকৃত পাতা নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | R.R. BOOK | U-378801 হতে U-378900 পর্যন্ত ২০০ (দুইশত) পাতাযুক্ত (অনুলিপি পাতাসহ)-০১ (এক)টি বই। | U-378842 নম্বর মূল পাতা এবং অনুলিপি পাতা | .. |

০৩। বাতিলকৃত পাতা দ্বারা কোনো প্রকার সরকারি অর্থ আদায় করা হলে বা কোনো আদালতে উপস্থাপন বা ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করা হলে তা সম্পূর্ণরূপে অবৈধ ও বেআইনি বলে গণ্য হবে এবং ব্যবহারকারী আইনত দণ্ডনীয় হবেন।

**ইশরাত জাহান**
জেলা প্রশাসক।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
**Sadharan Bima Bhaban, (7th floor), Kazihata, Rajshahi.**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ০১ ডিসেম্বর ২০২২

**নং আরজেএসসি/ডি,এন/16144**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৫) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Meh Food and Behaerage Industries (Pvt.) Ltd. নামীয় কোম্পানিটির নাম যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন বহি হতে কর্তন করা হল এবং অত্র গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তবে শর্ত থাকে যে, কোম্পানির কোনো পরিচালক এবং সদস্যের যদি কোনো দায়-দেনা থাকে তবে তা অব্যাহত থাকবে।

**নং আরজেএসসি/ডি,এন/16145**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৫) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Chistia Nibas (Pvt.) Limited. নামীয় কোম্পানিটির নাম যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন বহি হতে কর্তন করা হল এবং অত্র গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তবে শর্ত থাকে যে, কোম্পানির কোনো পরিচালক এবং সদস্যের যদি কোনো দায়-দেনা থাকে তবে তা অব্যাহত থাকবে।

**মোঃ হারুন অর রশিদ**
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে।

---

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**উদ্ভিদ সংরক্ষণ উইং**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২২ ডিসেম্বর ২০২২

**নং ৪৬৪২(৭)**—এতদ্বারা সংশ্লিষ্ট সকল বালাইনাশক ব্যবসা প্রতিষ্ঠান ও সর্বসাধারণকে অবহিত করা যাচ্ছে যে, গত ২০ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত ৮৪তম বালাইনাশক কারিগরি উপদেষ্টা কমিটি (পিটাক) সভার সিদ্ধান্ত অনুযায়ী রেজিষ্টার্ড কার্বোফুরান জাতীয় বালাইনাশকসমূহের রেজিস্ট্রেশন ও লাইসেন্স এর মেয়াদ জুন ২০২৩ পর্যন্ত বলবৎ থাকবে এবং এরপর সংশ্লিষ্ট বালাইনাশক ব্যবসা প্রতিষ্ঠানসমূহ কোনোক্রমেই কার্বোফুরান জাতীয় বালাইনাশক আমদানি, উৎপাদন, পুনঃউৎপাদন, মোড়কজাত ও পুনঃ মোড়কজাতকরণ, গুদামজাতকরণ, বিক্রয় অথবা বিক্রয়ের জন্য প্রস্তাব ও বিজ্ঞাপন প্রচার করতে পারবে না।

বালাইনাশক আইন, ২০১৮ এর ধারা ১৯ অনুযায়ী গঠিত বালাইনাশক কারিগরি উপদেষ্টা কমিটি (পিটাক) এর সিদ্ধান্তের আলোকে বালাইনাশক নিবন্ধন কর্তৃপক্ষ ও বালাইনাশক লাইসেন্সিং কর্তৃপক্ষ হিসেবে নিম্নস্বাক্ষরকারী জনস্বার্থে বিজ্ঞপ্তিটি প্রকাশ করিল।

**মোঃ এমদাদ হোসেন সেখ**
পরিচালক (ভারপ্রাপ্ত)।